

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ফেব্রুয়ারী ১৪, ২০১০  
তারিখ :-----  
ফাল্গুন ০২, ১৪১৬

বিআরপিডি সার্কুলার নং -০৯

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**Master Circular on Schedule of Charges ।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার-১৯ তারিখ ডিসেম্বর ২২, ২০০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে ।

উক্ত সার্কুলারের অনুচ্ছেদ ২ এর ১০ণৎ ক্রমিকে রপ্তানী বিল নেগোসিয়েশন ও রপ্তানী বিল কালেকশন কমিশন সর্বোচ্চ ০.১৫% নির্ধারিত হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল ।

ব্যাংকসমূহের সিডিউল অব চার্জেস পর্যালোচনায় লক্ষ্য করা যায় যে, বিভিন্ন ব্যাংক রপ্তানী বিল নেগোসিয়েশন ও কালেকশনের বিষয়ে যেক্ষেত্রে বৈদেশিক মুদ্রা বিনিময়ের মাধ্যমে exchange gain হয় সেক্ষেত্রেও সর্বোচ্চ ০.১৫% আরোপ করছে, যা যৌক্তিক নয় ।

এ প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রপ্তানী বিল নেগোসিয়েশন ও রপ্তানী বিল কালেকশনের ক্ষেত্রে যেখানে বৈদেশিক মুদ্রা বিনিময়ের মাধ্যমে exchange gain হয় সেক্ষেত্রে কমিশন বাবদ ৫০০/-টাকার অধিক আদায় করা যাবে না ।

উপরোক্ত সার্কুলারে বর্ণিত অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত  
(আবু হেনা মোহাম্মদ রাজী হাসান)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৭১১৭৮২৫